গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মতলব উত্তর, চাঁদপুর।
www.chandpur.gov.bd

স্মারক নং ঃ ০৫.৪২.১৩৭৯.০০২.১৮.২০২.২৫- ১৫৬

তারিখ ঃ ০৭ / ০৩ /২০২৫ খ্রি.

## ১৪৩২-১৪৩৪ বাংলা সালের জলমহালের ইজারা বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমবায় সিমিত লিঃ এর সভাপতি/সম্পাদকগণকে জানানো যাচ্ছে যে. ভূমি মন্ত্রণালয়ের ২৫ ফেব্রুয়ারি,২০২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২৫.২৪.৮৭ নং স্মারকে প্রকাশিত সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি,২০০৯ এর আলোকে মতলব উত্তর উপজেলাধীন নিম্নবর্ণিত ২০.০০ ( বিশ) একর পর্যন্ত আয়তনের জলমহাল সমূহ ১৪৩২ বাংলা হতে ১৪৩৪ বাংলা সন পর্যন্ত ০৩ ( তিন) বৎসর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্তে সরকার কর্তৃক আরোপিত নিম্নলিখিত শর্তাধীনে প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিকট হতে নিম্নবর্ণিত সময়সূচী মোতাবেক সাধারণ আবেদনে (অফলাইনে) সীলমোহরকৃত খামে দরপত্র (আবেদন) আহবান করা যাচ্ছে। আগ্রহী দাতাগণ ( প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ) দরত্র ফরম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মতলব উত্তর, চাঁদপুর ও সহকারী কমিশনার (ভূমি), মতলব উত্তর, চাঁদপুর এর কার্যালয় হতে নিম্নলিখিত হারে নগদ মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। দরপত্রসমূহ (আবেদন) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মতলব উত্তর, চাঁদপুর এ রক্ষিত দরপত্র বাক্সে বর্ণিত সময় সূচী অনুযায়ী জমা দেয়া যাবে এবং দরপত্র ( আবেদন) দাখিলের দিন বেলা ০২.৩০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র (আবেদন) বাক্স খোলা হবে।

| ক্রমিক নং | দরপত্র (আবেদন) বিক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের শেষ তারিখ | দরপত্র খোলার তারিখ ও সময় | দরপত্র দাখিলের স্থান |
|---|---|---|---|---|
| ০১ | সাধারণভাবে অফলাইনে) দরপত্র বিক্রির তারিখ ২৫ ফাল্গুন থেকে ০৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ পর্যন্ত (১০ মার্চ থেকে ২০ মার্চ,২০২৫ খ্রি.) পর্যন্ত। সময় ঃ সকাল ১০ টা হতে বেলা ০২ টা পর্যন্ত। ( সরকারি ছুটির দিন ব্যতীত) | ০৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ (২০ মার্চ ,২০২৫ খ্রি.) সময়ঃ সকাল ৯.০০ টা হতে বেলা ২.০০ টা পর্যন্ত | ০৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ (২০ মার্চ ,২০২৫ খ্রি.) সময়ঃ বেলা ২.৩০ টা | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মতলব উত্তর, চাঁদপুর |

নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে সীলমোহরকৃত খামে সাধারণভাবে ( অফলাইন) আবেদন দাখিল করতে হবে। ইজারার ক্ষেত্রে সংশ্লিষ্টে জলমহালের নিকটবর্তী /তীরবর্তী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলো উপর্যুক্ত যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

### ১৪৩২ বাংলা সন হতে ১৪৩৪ বাংলা সন মেয়াদে ইজারাযোগ্য জলমহালের তালিকা ঃ

| ক্রমিক নং | জলমহাল/ খাস পুকুরের নাম | মৌজার নাম | পরিমাণ ( একরে) | পূর্ববর্তী ০৩ ( তিন) বছরের ইজরা মূল্য | ৫% বৃদ্ধিতে ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দে ইজারামূল্য |
|---|---|---|---|---|---|
| ১ | গজরা খাস পুকুর | ৬২ নং গজরা | ০.২৮ | ৪৮০০/- | ৫০৪০/- |
| ২ | রুহিতারপাড় জলাশয় | ১২ নং ব্যাসদী | ১২.৫৭ | ২,৬০,০০০/- | ২,৭৩,০০০/- |
| ৩ | ব্যাসদী ( জীবগাঁও )খাস পুকুর | ১২ নং ব্যাসদী | ০.৫৯ | ৫১০০/- | ৫৩৫৫/- |
| ৪ | ৬ নং বারআনী খাল ফিসারী | ৮ নং বারআনী | ৩.৬৮ | ২০,১০০/- | ২১১০৫/- |
| ৫ | ষাটনল খাল ফিশারী | ৩ নং ষাটনল | ৬.২৯ | ৮০,১০০/- | ৮৪,১০৫/- |
| ৬ | নেদামদী খাস পুকুর | ৭২ নং নেদামদী | ০.৭১ | ৩২০০/- | ৩৩৬০/-- |
| ৭ | এখলাশপুর খাল ফিশারী | ৮৮ নং এখলাশপুর | ৮.০০ | ২২,০০০/- | ২৩১০০/- |

CamScanner

## শর্তাবলী ঃ

**১। আবেদনকারী উদ্ধৃত দরের ২০% অর্থ জামানত স্বরূপ যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, মতলব উত্তর, চাঁদপুর এর অনুকূলে ব্যাংক ড্রাফট/ পে -অর্ডার মাধ্যমে দরপত্রের সঙ্গে জমা করতে হবে। উক্ত জামানতের অর্থ শেষ বৎসরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।**

২। প্রকৃত মৎস্যজীবীদের দ্বারা গঠিত সমিতি যা, সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত কেবল সে সকল সমিতি সরকারি জলমহাল ইজারায় অংশ গ্রহণ করতে পারবেন। তবে আবেদনকারী সমিতি জলমহালের তীরবর্তী বা নিকটবর্তী হতে হবে।

**৩। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক আবেদন গৃহীত হলে পরবর্তী ০৭ ( সাত) কার্যদিবসের মধ্যে সাকুল্য ইজারামূল্য সরকারের জলমহাল ও পুকুর ইজারা কোড নাম্বারে চালানের মাধ্যমে জমা প্রদান করতে হবে। অন্যথায় জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত বলে গণ্য হবে। জলমহালের কোর্ড নাম্বার উপজেলা ভূ মি অফিস হতে জানা যাবে।**

৪। ইজারাদারকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পক্ষে উপজেলা নির্বাহী অফিসার, মতলব উত্তর, চাঁদপুর এর সাথে চুক্তি সম্পাদন করে জলমহালের দখল বুঝে নিতে হবে। বৎসরের যে কোন সময়েই দখল হস্তান্তর করা হোক না কেন তা বৎসরের ১লা বৈশাখ হতে কার্যকর বলে গণ্য হবে।

**৫। আবেদন দাখিলের সময় আবেদনের সাথে সমবায় ও সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সমিতির রেজিস্ট্রেশন নম্বর ও তারিখ সমিতির গঠনতন্ত্র, নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম, ঠিকানা ( ছবিসহ) সমিতির নামের তালিকা (ছবিসহ), সমিতির সভার কার্যবিবরণী, জলমহালে মৎস্য চাষ উৎপাদন ও সুষ্ঠু ব্যবস্থাপনার রূপরেখা, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, অডিট রিপোর্ট ও টি,আই এন নম্বর সংযুক্ত করে সভাপতি/ সাধারণ সম্পাদকের নামে আবেদন দাখিল করতে হবে।**

**৬। কোনক্রমেই ০২ ( দুই) টির অধিক জলমহাল কোন মৎস্যজীবী সমবায় সমিতি/ জেলে/ যুব মৎস্যজীবী সমবায় সমিতিকে ইজারা দেয়া হবে না।**

৭। জলাশয় যেখানে যে অবস্থাতে আছে সেই অবস্থাতেই ইজারা প্রদান করা হবে। আবেদনকারীকে আবেদন দাখিলের পূর্বে সরেজমিনে পরিদর্শনপূর্বক মহালের প্রকৃত অবস্থা সঠিক ভাবে জেনে আবেদন করতে হবে। ইজারা প্রাপ্তির পর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

**৮। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুসারে ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর পরিশোধ করতে হবে।**

**৯। ইজারা প্রাপ্তি ০৭ ( সাত) কর্মদিবসের মধ্যে ইজারা মূল্য পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল বলে গণ্য হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।**

১০। ইজারা প্রদত্ত জলাশয় কোন অবস্থাতেই সাব লীজ দেয়া যাবে না। কোন জলাশয় বা তার কোন অংশ সাব লীজ দেয়া হলে বা ইজারার কোন শর্ত ভঙ্গ করলে স্বয়ংক্রিয়ভাবে ইজারা বাতিল বলে গণ্য করা হবে।

১১। কোন সমিতির নিকট পূর্ববর্তী যে কোন জলাশয়ের কোন সনের ইজারা মূল্য বা সংশ্লিষ্ট অন্যান্য পাওনা ( ভ্যাট ও আয়কর) ইত্যাদি অপরিশোধিত থাকলে সে সমিতি আবেদন দাখিল করতে পারবেন না।

১২। আবেদন দাখিলকারী সমিতিকে প্রকৃত নবায়নকৃত নিবন্ধনের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

১৩। আবেদনকারী সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতীত অন্য সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি কোন সদস্য থাকেন যিনি প্রকৃত অমৎস্যজীবী এমন সদস্যের অবস্থান প্রমাণিত হয় তা হলে সমিতির অনুকূলে প্রদত্ত লীজ বাতিল করা হবে।

১৪। জলমহাল ইজারা সংক্রান্ত বিষয়ে সময়ে সময়ে জারিকৃত সকল প্রকার বিধি- বিধান ইজারাদার যথাযথভাবে মেনে চলতে বাধ্য থাকবেন।

১৫। ইজারা মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারার মেয়াদ শেষে কোন জলমহালের উপর ইজারা গ্রহীতার কোন প্রকার দাবী/অধিকার/ স্বত্ত্ব/ স্বার্থ থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকার স্বত্ত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে সরকারের নিকট ন্যস্ত হবে।

১৬। কোন আবেদন গ্রহণ বা বাতিলের বিষয়ে কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কোন জলমহালের ক্ষেত্রে বিজ্ঞ আদালতের কোনরূপ স্থগিতাদেশ, স্থিতিবস্থা, নিষেধাজ্ঞা বা অনুরূপ কোন আদেশ থাকলে ইজারার ক্ষেত্রে বিজ্ঞ আদালতের আদেশ প্রযোজ্য হবে। উল্লেখিত ইজারাযোগ্য জলমজহালের মধ্যে বিজ্ঞ আদালতের কোন নিষেধাজ্ঞা/ স্থিতিবস্থা থাকলে তা বিজ্ঞপ্তি প্রকাশের ০৫ ( পাঁচ) দিনের মধ্যে সংশ্লিষ্ট পক্ষ সর্বশেষ অবস্থা/ আরজির অনুলিপি ও অন্যান্য কাগজপত্রসহ নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় কোন নিষেধাজ্ঞা/ স্থিতিবস্থা নেই মর্মে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

CamScanner

১৭। যে সকল জলমহাল হতে জমিতে সেচ প্রদানের সুযোগ রয়েছে সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদান কার্যক্রম বিঘ্ন সৃষ্টি করা যাবে না এবং ইজারাকৃত বদ্ধ জলমহালে মৎস্য চাষের ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম পরিচালনার সুযোগ থাকবে।

১৮। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ সহ মন্ত্রণালয় থেকে বিভিন্ন সময়ের জারিকৃত সকল পরিপত্র./ প্রজ্ঞাপন/ অনুশাসন মেনে চলতে হবে। অন্যথায় তাৎক্ষণিক ভাবে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৯। ঘষামাজা ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য করা হবে।

২০। বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে উপজেলা ভূমি অফিস, মতলব উত্তর, চাঁদপুর এর কার্যালয় হতে জানা যাবে।

২১। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল এমন কি জলমহালের সংখ্যা কম বা বেশী করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৯/০৩/২৫

( মাহমুদা কুলসুম মনি)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি
মতলব উত্তর, চাঁদপুর।

স্মারক নং ঃ ০৫.৪২.১৩৭৯.০০২.১৮.২০২.২৫- ১৫৬

তারিখ ঃ ০৯/ ০৩ /২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। জেলা প্রশাসক, চাঁদপুর।
২। অতিরিক্ত জেলা প্রশাসক ( রাজস্ব), চাঁদপুর।
৩। সহকারী কমিশনার (ভূমি), মতলব উত্তর, চাঁদপুর।
৪। জনাব --------------------------সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, মতলব উত্তর, চাঁদপুর।
৫। জনাব --------------------------কর্মকর্তা, মতলব উত্তর, চাঁদপুর। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য এবং নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো।
৬। চেয়ারম্যান---------------------------ইউপি ( সকল), মতলব উত্তর, চাঁদপুর। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ( সকল)-------------------------ইউনিয়ন ভূমি অফিস, মতলব উত্তর, চাঁদপুর। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৮। সম্পাদক, ------------------------- প্রতিদিন পত্রিকা। উক্ত বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০১ (এক) দিনের জন্য আগামী /০৩/২০২৫ খ্রি. তারিখের মধ্যে প্রকাশের ব্যবস্থা গ্রহণ এবং তিন (০৩) কপি পত্রিকাসহ অত্র কার্যালয়ে বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

০৯/০৩/২৫

হিল্লোল চাকমা
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি
মতলব উত্তর, চাঁদপুর

CamScanner